

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
উপদেষ্টার দপ্তর  
বাংলাদেশের সচিবালয়, ঢাকা।

রামপুরা-জিরানী খাল পরিচ্ছন্নকরণ অভিযান উদ্বোধনে উপদেষ্টা আসিফ মাহমুদ  
ফ্রেস রিলিজ  
ঢাকা, ০১ নভেম্বর ২০২৪

আজ(শুক্রবার) ঢাকার রামপুরা গ্রিমোহিনী স্টেডিয়াম মাঠে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আয়োজনে এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের সহযোগিতায় রামপুরা -জিরানী খাল পরিচ্ছন্নকরণ অভিযানের উদ্বোধন করেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপদেষ্টা জনাব আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া।

খাল পরিচ্ছন্নকরণ অভিযানের সাথে সম্পৃক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে উপদেষ্টা আসিফ মাহমুদ বলেন, জাতীয় যুব দিবস ২০২৪ উপলক্ষে আমরা ৬৪ টি জেলায় ৬৪ টি নির্বাচিত খাল পরিচ্ছন্নকরণ কর্মসূচি হাতে নিয়েছি। আমরা শুধু লোক দেখানোর জন্য একটি খাল পরিষ্কার করতে চাই না। এইজন্য আমরা পানি সম্পদ মন্ত্রণালয়, যুব সংগঠক, আত্মকর্মীসহ সকলকে এই কাজে সম্পৃক্ত করেছি। তিনি বলেন, খাল পরিষ্কারকরণের পর যাতে আবার দূষিত না এই বিষয়ে সকলকে সচেতন থাকতে হবে। পরিবেশ দূষণমুক্ত রাখতে জলাশয় পরিষ্কার রাখার কোন বিকল্প নেই। পরিবেশের উন্নয়ন ও পরিচ্ছন্নতা বজায় রাখতে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

এ সময় পানি সম্পদ উপদেষ্টা রিজওয়ানা হাসান বলেন, আমরা যে ৬৪ জেলায় ৬৪ টি খাল পরিষ্কার পরিষ্কার করার কর্মসূচি হাতে নিয়েছি এটা আজকে থেকে শুরু হয়ে আগামী ১৫ ই নভেম্বর পর্যন্ত চালু থাকবে। আমরা প্রত্যেকটি খাল কেন্দ্রিক স্থানীয় পর্যায়ে একটি করে কমিটি করে দেব। কমিটিতে যারা থাকবে তারা দেখবে যে খালটা কারা আবার নোংরা করার চেষ্টা করছে।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মোঃ রেজাউল মাকছুদ জাহিদী'র সভাপতিতে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক ড. গাজী মোঃ সাইফুজ্জামান। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন পানি সম্পদ সচিব জনাব নাজমুল আহসান। অনুষ্ঠান শেষে স্বেচ্ছাসেবী ও যুব সংগঠনের যুবকর্মীদের খাল পরিচ্ছন্নকরণ অভিযানের বিষয়ে শপথ বাক্য পাঠ করানো হয়।

স্বাক্ষরিত/-

মো: নূর আলম  
জনসংযোগ কর্মকর্তা  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
মোবাইল - ০১৭৪৪২৫৯৮৪৩